অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/29/2025 **গভর্নর ক্যাথি হোকল**

স্ট্যাটেন আইল্যান্ডে ইনস্টিটিউট ফর বেসিক রিসার্চ-এর আধুনিকায়নের জন্য নির্বাহী বাজেটে 75 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার পরিকল্পনা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

এই বিনিয়োগের মধ্যে বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসার ক্ষেত্রে জাতীয় পুর্গঠনের একটি চালিকাশক্তি হিসেবে এটির ঐতিহ্যের সম্মান রক্ষা করতে একটি জিনোমিক্স কোর ফ্যাসিলিটি এবং উইলোব্রুক সেন্টার ফর লার্নিং প্রতিষ্ঠা করা অন্তর্ভুক্ত রয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) তার 2026 অর্থবছরের নির্বাহী বাজেট প্রস্তাবে ইনস্টিটিউট ফর বেসিক রিসার্চ ইন ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ (Institute for Basic Research in Developmental Disabilities) আধুনিকায়ন করার লক্ষ্যে 75 মিলিয়ন ডলার বিনিয়োগের কথা ঘোষণা করেছেন। অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ (Office for People With Developmental Disabilities, OPWDD)-এর এই উদ্যোগের মধ্যে নিউ ইয়র্কের গবেষণা সক্ষমতা উন্নত করা এবং জিনগত পরীক্ষার অ্যাক্সেস সম্প্রসারণ করার জন্য একটি জিনোমিক কোর ফ্যাসিলিটি প্রতিষ্ঠা করা অন্তর্ভুক্ত রয়েছে। এই যুগান্তকারী বিনিয়োগ "বিল্ডিং 29"-কে, সাবেক উইলোব্রুক স্টেট স্কুল (Willowbrook State School) মাঠের ইতোপূর্বে পরিত্যক্ত একটি কাঠামো, সংস্কার করে প্রতিবন্ধীদের অধিকারের ইতিহাসে এই ইনস্টিটিউশনের ভূমিকার স্মৃতিচারণ উপলক্ষে এটিকে একটি সেন্টার ফর লার্নিং-এ রূপান্তর করার জন্যেও অর্থায়ন করবে।

"বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য থেরাপি উন্নত করতে নিউ ইয়র্কবাসীদের উন্নত জিনগত গবেষণার প্রয়োজন রয়েছে এবং তারা এটির অ্যাক্সেস পাওয়ার অধিকার রাখেন," **বলেছেন গভর্নর Hochul (হোকল)।** "এই প্রস্তাবের লক্ষ্য হলো একটি কমিউনিটি স্পেসকে আধুনিকায়ন করে সেটিকে জাতীয়ভাবে স্বীকৃত সেন্টার ফর লার্নিং-এ রূপান্তর করা, এবং ইতিহাস সংরক্ষণ করার পাশাপাশি উদ্ভাবনমূলক চিকিৎসা ও শিক্ষামূলক সুযোগ-সুবিধার প্রসার ঘটানো। আমার নির্বাহী বাজেটে এই বিনিয়োগ অন্তর্ভুক্ত করতে পেরে আমি গর্বিত এবং এই ক্যাম্পাসকে গবেষণা ও উদ্ভাবনের একটি হাব হিসেবে পুনরুজ্জীবিত হয়ে উঠতে দেখার জন্য আমি অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

1968 সালে বিকাশ সংক্রান্ত অক্ষমতার কারণগুলো নিয়ে প্রাথমিক ও ক্লিনিক্যাল গবেষণা পরিচালনা করার ম্যান্ডেট নিয়ে বিশ্বের প্রথম বৃহৎ পরিসরের ইনস্টিটিউট হিসেবে ইনস্টিটিউট ফর বেসিক রিসার্চ (Institute for Basic Research, IBR) চালু করা হয়েছিল। 1979 সালে IBR অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ (OPWDD)-এর অংশে পরিণত হয়। এই প্রস্তাবিত অর্থায়ন হবে আনুমানিক 60 বছর আগে IBR চালু হওয়ার পর থেকে সবচেয়ে বড় আর্থিক অঙ্গীকারাবদ্ধতা এবং এটি নিউ ইয়র্ককে এই খাতে নেতৃস্থানীয় অবস্থানে পুনরায় প্রতিষ্ঠিত করতে সাহায্য করবে। প্রস্তাবিত উইলোব্রুক সেন্টার ফর লার্নিং (Willowbrook Center for Learning) পুনর্গঠনের জন্মস্থান হিসেবে উইলোব্রুকের ইতিহাসে স্মৃতি রক্ষা করার একটি সুযোগ প্রদান করবে এবং একইসাথে অতীত সম্পর্কে জানার এবং ভবিষ্যতের জন্য উদ্ভাবনকে উৎসাহিত করার জন্য একটি স্থান প্রতিষ্ঠা করবে।

বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া শিশুদের আবাসন ও পরিচর্যার জন্য 1947 সালে স্ট্যাটেন আইল্যান্ডে উইলোব্রুক স্টেট স্কুল চালু করা হয়েছিল। 1965 সাল নাগাদ স্কুলের শিশুদের সংখ্যা 6,000-এ উন্নীত হয়েছিল, যা এটিকে বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য দেশের সর্ববৃহৎ স্টেট ইনস্টিটিউশনে পরিণত করেছিল। 1972 সালে স্ট্যাটেন আইল্যান্ড অ্যাডভান্স-এর সাংবাদিক জেন কার্টিন ও জেরাল্ডো রিভেরা সেখানে বসবাস করা শিশুদের শোচনীয় অবস্থা ও চিকিৎসার কথা প্রকাশ করলে স্কুলটি জাতীয় পর্যায়ে সংবাদের শিরোনামে উঠে এসেছিল। 1987 সালে এটি বন্ধ হয়ে যাওয়ার পর থেকে, উইলোব্রুক বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য কমিউনিটিতে অন্তর্ভুক্তি এবং মর্যাদার সঙ্গে বসবাস করার গুরুত্বের প্রতীক হয়ে উঠেছে।

নিউ ইয়র্ক স্টেট OPWDD-এর ভারপ্রাপ্ত কমিশনার Willow Baer (উইলো বায়ের) বলেন, "বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের ভবিষ্যতের জন্য এই বিনিয়োগ যে সম্ভাবনা নিয়ে আসবে সেটির জন্য আমরা রোমাঞ্চিত এবং এই রূপান্তরকে তার প্রশাসনে একটি অগ্রাধিকার হিসেবে গ্রহণ করায় গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই। নিউ ইয়র্ক স্টেটে — এবং এই দেশে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ইনস্টিটিউট স্থাপন করার ইতিহাস এমন এক ইতিহাস যেটি থেকে আমরা প্রতিদিন অব্যাহতভাবে শিক্ষা গ্রহণ করছি, যেখানে আমাদের সব কার্যক্রমের কেন্দ্রে রয়েছে আমাদের নিজস্ব সমর্থক, পরিবার ও সেবা প্রদানকারী অংশীদারদের সাথে নিয়ে কমিউনিটিতে পূর্ণাঙ্গ অন্তর্ভুক্তির লক্ষ্য অর্জন করা। আমাদের দেশের নেতৃস্থানীয় গবেষণা শাখা হিসেবে, ইনস্টিটিউট ফর বেসিক রিসার্চ বিকাশ সংক্রান্ত অক্ষমতা সম্পর্কে আমাদের বোধগম্যতাকে অব্যাহতভাবে সামনে এগিয়ে নিচ্ছে, এবং এই বিনিয়োগ বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া লোকজন ও তাদের পরিবারগুলোকে উপকৃত করার জন্য জিনগত গবেষণা ও পরীক্ষার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটকে সামনের সারিতে থাকার সুযোগ করে দিবে।"

নিউ ইয়র্ক স্টেটের চিফ ডিজেবিলিটি অফিসার Kim Hill Ridley (কিম হিল রিডলি) বলেন, "এই প্রস্তাবের মধ্য দিয়ে, এবং গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট জিনগত পরীক্ষার জন্য একটি জাতীয় সংস্থান ও মডেল হিসেবে কাজ করবে এমন একটি সর্বাধুনিক গবেষণার মাধ্যমে প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীদের জীবনকে উন্নত করার জন্য এটির অঙ্গীকারাবদ্ধতাকে জোরদার করছে। সাবেক উইলোব্রুক স্কুল ক্যাম্পাসকে একটি সেন্টার ফর

লার্নিং হিসেবে পুনরায় কল্পনা করাটা আমাদের অতীতের উপর আলোকপাত করার এবং তা থেকে শিক্ষা নেওয়ার পাশাপাশি ভবিষ্যতের প্রতি মনোযোগী থাকার জন্য একটি উপযুক্ত প্রকল্প, বিশেষ করে যেহেতু এটি অন্তর্ভুক্তি ও অপ্রাতিষ্ঠানিকীকরণের সাথে সম্পর্কিত।"

স্টেট সিনেটর Jessica Scarcella-Spanton (জেসিকা স্কারসেলা-স্প্যান্টন) বলেন, "নিউ ইয়র্ক স্টেট সিনেটের ডিজেবিলিটিজ কমিটির একজন সদস্য হিসেবে, ইনস্টিটিউট ফর বেসিক রিসার্চ ইন ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের জন্য 75 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ দেখে আমি আনন্দিত, যা উইলোব্রুক সেন্টার ফর লার্নিং প্রতিষ্ঠার সক্ষমতাও প্রদান করবে। এই তহবিল আমার নির্বাচনী এলাকার লোকজন, বিশেষ করে অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিরা, যাতে মর্যাদার সঙ্গে বসবাস করার জন্য তাদের প্রয়োজনীয় সেবা ও সহায়তার অ্যাক্সেস পান সে বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের সূচনা করছে। এসব উন্নয়ন অর্থপূর্ণ, জীবন পরিবর্তনকারী অগ্রগতির দিকে নিয়ে যাবে যা অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য জীবনযাপনের মান উন্নত করবে, এবং আমাদের কমিউনিটির সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর প্রতি নিউ ইয়র্কের অঙ্গীকারাবদ্ধতাকে জোরদার করবে। আমি গভর্নর Hochul (হোকল), OPWDD, সব সমর্থককে, এবং বিশেষ করে আমার বন্ধু ও সহকর্মী, Mike Cusick (মাইক চুসিক)-কে অ্যাসেম্বলিতে দায়িত্ব পালনকালীন বছরের পর বছর ধরে এই প্রচেষ্টা সমর্থন করার ক্ষেত্রে তার নিরলসভাবে কাজ করে যাওয়ার জন্য ধন্যবাদ জানাতে চাই। এই গুরুত্বপূর্ণ প্রকল্প জুড়ে আমার নির্বাচনী এলাকার বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের ও তাদের পরিবারগুলোকে সহায়তা করার জন্য OPWDD এবং গভর্নরের কার্যালয়ের সাথে কাজ করার জন্য আমি অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

স্টেট সিনেটর Andrew J. Lanza (অ্যান্ড্রু জে. লানজা) বলেন, "ইনস্টিটিউট ফর বেসিক রিসার্চ দীর্ঘদিন ধরে বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদেরকে মেডিকেল, আচরণগত ও গবেষণা পরিষেবাসমূহ প্রদান করার ক্ষেত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সংস্থানের ভূমিকা পালন করে আসছে। তাদের গুরুত্বপূর্ণ কাজের একজন জোরালো সমর্থক হিসেবে, IBR-কে আধুনিকায়ন করার মাধ্যমে আগামী বছরগুলোতে বিজ্ঞান ও শিক্ষা গ্রহণের একটি প্রিমিয়ার সেন্টারে পরিণত করার ব্যাপারে তাদের অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং ভারপ্রাপ্ত কমিশনার Willow Baer (উইলো বায়ের)-কে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য Angelo Santabarbara (অ্যাঞ্জেলো সান্তাবারবারা) বলেন, "নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির প্রতিবন্ধী ব্যক্তিদের সম্পর্কিত স্ট্যান্ডিং কমিটির সভাপতি হিসেবে, আমি ইনস্টিটিউট ফর বেসিক রিসার্চ ইন ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ-এর আধুনিকায়নের জন্য এই বিনিয়োগকে পুরোপুরি সমর্থন করি। এই প্রচেষ্টা অপরিহার্য গবেষণা সক্ষমতাকে উন্নত করছে, ডায়াগনোস্টিক টুলগুলোর অ্যাক্সেস সম্প্রসারণ করছে এবং শিক্ষা ও কমিউনিটি অন্তর্ভুক্তির অগ্রগতি সাধন করছে, এবং বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য অগ্রগতির ক্ষেত্রে এই ইনস্টিটিউট যাতে নেতৃস্থানীয় অবস্থানে থাকে সে বিষয়টি নিশ্চিত করছে। এটি বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের এবং তাদের পরিবারগুলোর ক্ষমতায়ন করবে এমন উদ্ভাবন ও সংস্থানসমূহ উন্নয়নের মাধ্যমে মর্যাদা, অন্তর্ভুক্তি ও সুযোগ-সুবিধা ভিত্তিক একটি ভবিষ্যত গড়ে তোলার ব্যাপারে আমাদের সম্মিলিত অঙ্গীকারাবদ্ধতাকে প্রতিফলিত করছে।"

অ্যাসেম্বলি সদস্য Charles D. Fall (চার্লস ডি. ফল) বলেন, "আমরা কতদূর এসেছি এবং আরো কতদূর যেতে পারবো তার একটি প্রতীক হলো উইলোব্রুক। গভর্নর Hochul (হোকল)-এর 75 মিলিয়ন ডলারের বিনিয়োগ সর্বাধুনিক গবেষণা ও শিক্ষার মাধ্যমে একটি বেদনাদায়ক অতীতকে একটি আশাব্যঞ্জক ভবিষ্যতে রূপান্তর করার মাধ্যমে সেই যাত্রাকে সম্মান করছে। এটি আমার জন্য একটি ব্যক্তিগত বিষয়, এবং আমি জানি নিজেদের হৃদয়ে উইলোব্রুকের ঐতিহ্য বহন করা স্ট্যাটেন আইল্যান্ডের বহু অধিবাসীর জন্য এটি একটি ব্যক্তিগত বিষয়।"

অ্যাসেম্বলি সদস্য Michael W. Reilly (মাইকেল ডব্লিউ. রেইলি) বলেন, "একটি পুনরুজ্জীবিত ইনস্টিটিউট ফর বেসিক রিসার্চ-এর মাধ্যমে পরবর্তী প্রজন্মের সর্বাধুনিক বৈজ্ঞানিক গবেষণা পরিচালনা করতে সাহায্য করার জন্য আমাদের স্ট্যাটেন আইল্যান্ড কমিউনিটিতে এই উল্লেখযোগ্য বিনিয়োগ করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ-এর টিমকে ধন্যবাদ জানাতে চাই। এছাড়া ঐতিহাসিক উইলোব্রুক সাইটকে একটি সেন্টার ফর লার্নিং-এ রূপান্তর করার পদক্ষেপকেও আমি সাধুবাদ জানাই, যেটি এই সম্পত্তি যাতে আগামী প্রজন্মগুলোতে অভাবী লোকজনকে সহায়তা করার জন্য ব্যবহৃত হয় সে বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে একটি অর্থপূর্ণ পদক্ষেপ। এই রূপকল্প বাস্তবে পরিণত হওয়া এবং আমাদের কমিউনিটির জন্য একটি স্থায়ী অঙ্গীকারাবদ্ধতা হিসেবে কাজ করার বিষয়টি নিশ্চিত করতে সরকারে থাকা আমার অংশীদারদের সাথে কাজ করার জন্য আমি অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

অ্যাসেম্বলি সদস্য Sam Pirozzolo (স্যাম পিরোজোলো) বলেন, "উইলোব্রুক স্টেট স্কুলের স্ট্যাটেন আইল্যান্ডের অধিবাসী হিসেবে ভয়ঙ্কর ইতিহাস বিবেচনায়, স্ট্যাটেন আইল্যান্ডের অধিবাসী হিসেবে অক্ষমতা সংক্রান্ত গবেষণা ও সেবার ক্ষেত্রে নেতৃত্ব দেওয়ার জন্য আমাদের একটি অনন্য দায়িত্ব রয়েছে। একজন আইনপ্রণেতা হিসেবে, শুধু আমার ডিস্ট্রিক্টকে নয় বরং সব নিউ ইয়র্কবাসীকে উপকৃত করবে এমন প্রকল্পগুলো নিয়ে গভর্নরের সাথে কাজ করার সুযোগকে আমি সাধুবাদ জানাই। আমি রোমাঞ্চিত যে নিউ ইয়র্ক স্টেট জীবন পরিবর্তনকারী গবেষণা অব্যাহত রাখা ও সম্প্রসারণ করার জন্য এত গুরুত্বপূর্ণ একটি বিনিয়োগ প্রস্তাব করছে এবং একইসাথে আমাদের ইতিহাসের অন্যতম অন্ধকারতম অধ্যায়ের ভুক্তভোগীদেরকে সম্মান করছে। এই প্রস্তাবের জন্য গভর্নর Hochul (হোকল)-কে, এবং OPWDD-কে এবং IBR-এর অসাধারণ টিমকে আপনাদের নিত্যদিনের কাজের জন্য ধন্যবাদ।"

স্ট্যাটেন আইল্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট (Staten Island Economic Development)-এর প্রেসিডেন্ট ও CEO এবং সাবেক অ্যাসেম্বলি সদস্য Michael J. Cusick (মাইকেল জে. কুসিক) বলেন, "ইনস্টিটিউট ফর বেসিক রিসার্চ-এর জন্য 75 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ, যেটি এই ইনস্টিটিউটের ইতিহাসে সর্ববৃহৎ, নিউ ইয়র্ক স্টেট কর্তৃক একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। এই তহবিলের মাধ্যমে, গভর্নর Hochul (হোকল) উইলোব্রুক স্টেট স্কুলের ইতিহাস ও পদচিহ্নকে সুদৃঢ় করে তোলার জন্য স্টেটের অঙ্গীকারাবদ্ধতা দেখিয়েছেন, যা গবেষণাকে এগিয়ে নেওয়া এবং জীবনকে উন্নত করার জন্য IBR-এর মিশনকে জোরদার করার পাশাপাশি সেই ট্র্যাজেডির কথা যাতে কখনো ভুলে যাওয়া না হয় সে বিষয়টি নিশ্চিত করছে। গভর্নর Hochul (হোকল) তার নির্বাহী বাজেটে এই প্রস্তাব অন্তর্ভুক্ত করায় স্ট্যাটেন আইল্যান্ডের

অধিবাসীরা তার প্রতি কৃতজ্ঞ, যে প্রস্তাবের লক্ষ্য হলো IBR-এর অত্যন্ত গুরুত্বপূর্ণ উন্নয়ন সাধন করার পাশাপাশি বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য গবেষণা ও উদ্ভাবনমূলক চিকিৎসার ক্ষেত্রে এই বরো ও নিউ ইয়র্ককে জাতীয় পর্যায়ে নেতৃস্থানীয় অবস্থানে পুনরায় প্রতিষ্ঠিত করা।"

PEF-এর প্রেসিডেন্ট Wayne Spence (ওয়েন স্পেন্স) বলেন, "IBR-এ গভর্নর Hochul (হোকল)-এর বিনিয়োগ আমাদের সদস্যদের সম্পন্ন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজের প্রতি তার স্বীকৃতির প্রমাণ এবং চূড়ান্ত বাজেট চুক্তিতে এই গুরুত্বপূর্ণ প্রস্তাব নিশ্চিত করার জন্য PEF গভর্নরের সাথে কাজ করবে। এই তহবিল শুধু IBR-এর ভবিষ্যতকে নিরাপদই করবে না বরং বিকাশ সংক্রান্ত অক্ষমতার জন্য গবেষণা ও পরিষেবাসমূহ এগিয়ে নেওয়ার জন্য স্টেটের অঙ্গীকারাবদ্ধতাকে জোরদারও করবে। আমাদের মিশনকে মূল্য দেয় ও সহায়তা করে এমন একটি প্রশাসনকে পেয়ে আমরা গর্বিত।"

উইলোব্রুক-এর সাবেক বাসিন্দা ও অ্যাডভোকেট Bernard Carabello (বার্নার্ড ক্যারাবেলো) বলেন, "বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদেরকে উপকৃত করার জন্য নিউ ইয়র্ক কর্তৃক নতুন তহবিল ও নতুন নির্দেশনা ঘোষণা করাটা সবসময়ই একটি সুসংবাদ। আজ ঘোষণা করা এই অপরিহার্য তহবিল এমন একটি ভবনে কর্মসূচি আয়োজন করার জন্য ব্যয় হবে যেখানে একটি ছোট ছেলে হিসেবে আমি বেড়ে উঠেছিলাম: ভবন 29। আমি 5 বছর বয়সে উইলোব্রুক স্টেট স্কুল ক্যাম্পাসে ভবন 29-এ পৌঁছেছিলাম। আমি যে ওয়ার্ডে ছিলাম সেটি ডে রুম এবং ডরমিটরিতে ভাগ করা ছিল, যেখানে আমি রাতে ঘুমাতাম। অনেক বছর পরে, আমি আমার সম্মানসূচক ডক্টরেট গ্রহণ করার জন্য এই ক্যাম্পাসে ফিরে আসতে পেরেছি, যেটি বর্তমানে কলেজ অব স্ট্যাটেন আইল্যান্ড। সেসময় যখন আমি উইলোব্রুকে বাস করতাম আমি কখনো কল্পনা করিনি যে আমি যে ভবনে ঘুমিয়েছিলাম সেটি যারা এখানে বেড়ে উঠেছিল তাদের মতো বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদেরকে উপকৃত করতে গবেষণা করার জন্য ব্যবহৃত হবে। এই তহবিলের জন্য এবং নিউ ইয়র্কে বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদেরকে সহায়তা করতে তার প্রচেষ্টার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই।"

পারিবারিক অ্যাডভোকেট এবং সাবেক উইলোব্রুক অধিবাসীর ভাই Jose Rivera (জোসে রিভেরা) বলেন, "একটি সেন্টার ফর লার্নিং-এর মাধ্যমে এই ইতিহাস সংরক্ষণ করার মাধ্যমে গভর্নর Hochul (হোকল) এবং OPWDD-এর ভারপ্রাপ্ত কমিশনার Willow Baer (উইলো বায়ের) আমাদের এবং ভবিষ্যত প্রজন্মগুলোর প্রতি একটি অঙ্গীকার করছেন যে অতীতের ভুল আর কখনো পুনরাবৃত্তি হবে না।"

ইনস্টিটিউট ফর বেসিক রিসার্চ ইন ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ সম্পর্কে
এটির 25টি ল্যাবরেটরি নিয়ে মিশনের প্রতি মনোযোগী পাঁচটি গবেষণা ক্ষেত্রের মাধ্যমে, ইনস্টিটিউট ফর বেসিক রিসার্চ ইন ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ বিকাশ সংক্রান্ত অক্ষমতার কারণগুলোর প্রতি মনোযোগ দিচ্ছে এবং মস্তিষ্কের বিকাশ ও প্যাথোলজি সম্পর্কে বোধগম্যতাকে সামনে এগিয়ে নিচ্ছে। IBR-এর লক্ষ্য হলো বিকাশ সংক্রান্ত অক্ষমতা আরো ফলপ্রসূভাবে নির্ণয় করা, প্রতিরোধ করা ও চিকিৎসা করার উপায়গুলো প্রদান করা।

এছাড়াও এই ইনস্টিটিউট বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের ও তাদের পরিবারগুলোকে বিস্তৃত, বিশেষায়িত বায়োমেডিকেল, মনস্তাত্ত্বিক ও ল্যাবরেটরি পরিষেবাসমূহ প্রদান করছে, এবং জনসাধারণ, গবেষকদের এবং স্বাস্থ্য ও শিক্ষা পেশাজীবীদেরকে বিকাশ সংক্রান্ত অক্ষমতার কারণ, ডায়াগনোসিস, প্রতিরোধ ও চিকিৎসা সম্পর্কে শিক্ষা দিচ্ছে। IBR-এর জর্জ এ. জার্ভিস ক্লিনিক (George A. Jervis Clinic) বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন শিশু, কিশোর-কিশোরী ও প্রাপ্তবয়স্কদের জন্য বিশেষায়িত রোগ নির্ণয় ও পরামর্শমূলক পরিষেবা প্রদান করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন